

Roger Platt, MD
Director
Office of School Health
49-51 Chambers Street
Room 600
New York, NY 10007

জুন ২০০৯

প্রিয় পিতামাতা/অভিভাবক(গণ):

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন আপনার সন্তানের ক্ষেত্রে প্রযোজ্য হতে পারে নিউ ইয়র্ক স্টেটের এমন একটি টিকাগ্রহণ সম্পর্কিত বিধানের শর্তপূরণের ব্যাপারে আপনাকে অবহিত করার জন্য এই চিঠি লিখেছে।

২০০৯-২০১০ স্কুলবছরের সকল ৬ষ্ঠ, ৭ম বা ৮ম গ্রেডের নবাগত বা একই বয়স-স্তরের বিশেষ শিক্ষার স্কুল বা কর্মসূচির শিক্ষার্থী এবং যাদের বয়স ১১ বছর বা তার বেশি, তাদেরকে টিটেনাস বুস্টার “টিড্যাপ” ভ্যাকসিন গ্রহণ করতে হবে। এতে টিটেনাস, ডিপথেরিয়া ও অ্যাসেলুলার পাটুসিস (টিড্যাপ) এর প্রতিষেধক রয়েছে।

কোন শিক্ষার্থী যদি গত দুবছরের মধ্যে টিটেনাস বুস্টার ভ্যাকসিন (টিডি, ডিটি, বা ডিট্যাপ) গ্রহণ করে থাকে, সেই শিক্ষার্থীর টিকা দুবছরের জন্য পিছিয়ে দেয়া যেতে পারে। তবে, আপনাকে আপনার সন্তানের স্কুলে টিকাগ্রহণের প্রমাণ জমা দিতে হবে। অনুগ্রহ করে মনে রাখবেন যে, আপনার সন্তানতে যথাযথভাবে টিকা দেয়াতে ব্যর্থ হলে তার স্কুলে আসা বারণ হয়ে যেতে পারে।

দশবছর বয়সী যেসব শিক্ষার্থী ৬ষ্ঠ গ্রেডে উঠছে, তাদেরকে টিড্যাপ ভ্যাকসিন নিতে হবে না এবং তাদের স্কুলে আসাও বারণ হবে না, তবে তারা ১১ বছরে পা দেয়ার পর অবশ্যই তাদেরকে টিকা দেয়াতে হবে। পক্ষান্তরে, দশবছর বয়সী শিক্ষার্থীরা তাদের ডাক্তারের অফিস থেকে টিড্যাপ ভ্যাকসিন গ্রহণ করতে পারে।

আপনার যদি এই ভ্যাকসিন সম্পর্কে কোন প্রশ্ন থাকে, অনুগ্রহ করে আপনার ডাক্তারের সাথে তা নিয়ে কথা বলুন অথবা আপনার সন্তানের স্কুল-নার্সের সাথে যোগাযোগ করুন। এই প্রসঙ্গে আপনার সহযোগিতার জন্য আপনাকে ধন্যবাদ।

বিশ্বস্ত,

Roger Platt

রজার প্ল্যাট, এমডি, ডিরেক্টর
স্কুল হেলথ অফিস